



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, ০২৯৯৬৬৭৩০৩৮, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gssclege\_mukta@yahoo.com

ওয়েবসাইট: gssclege.gov.bd



বিজ্ঞপ্তি নং-

২২৬

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/ প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী)]

### বিজ্ঞপ্তি

সূত্র: মাউশির স্মারক নং: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-১৮, তারিখ: ০৯/০২/২০২৬ খ্রিষ্টাব্দ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহের বিভিন্ন বর্ষে অধ্যয়নরত উচ্চমাধ্যমিক, স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, ২০২৫-২০২৬ অর্থ বছরের সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/ প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্ধারিত 'ফরম নং-০২' সংগ্রহ পূর্বক সঠিক ও নির্ভুলভাবে পূরণ করে আগামী ২৫ মার্চ ২০২৬ তারিখ বুধবার দুপুর ০২:০০ টার মধ্যে প্রয়োজনীয় সকল তথ্যসহ অত্র কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক জনাব তরিকুল ইসলাম (মোবাইল: ০১৯০৩৯৭২৫২৭)-এর কাছে জমা দেয়ার জন্য বলা হলো।


নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- বিভিন্ন সম্প্রদায় সনাক্তকরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- তফসিলি (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/ প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
- আবেদনকারীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে এবং যৌথ নামে ব্যাংক হিসাব/ স্কুল ব্যাংক হিসাব খোলা হলে উভয়ের নাম দিতে হবে।

অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

❖ সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তির আবেদন ফরম 'ফরম নং-২' কলেজের ওয়েবসাইট: <https://gssclege.gov.bd>-এ পাওয়া যাবে।

  
২৭.০২.২০২৬  
প্রফেসর মোঃ মোস্তাফিজুর রহমান (০১০৬৬৩)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
শহীদ স্মৃতি সরকারি কলেজ  
মুক্তাগাছা, ময়মনসিংহ

  
১৭.০২.২০২৬  
শুভা দে (০১৮৩৪১)  
আহ্বায়ক  
উপবৃত্তি কার্যক্রম পরিচালনা কমিটি  
শহীদ স্মৃতি সরকারি কলেজ  
মুক্তাগাছা, ময়মনসিংহ

### বিতরণ:

১. আহ্বায়ক, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কমিটি, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
২. প্রধান সহকারী/ হিসাবরক্ষক, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৩. ওয়েবসাইট (<https://gssclege.gov.bd>), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৪. সংরক্ষণ নথি